BANGLADESH TEXTILE MILLS ASSOCIATION
বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন
Reg. Office: Unique Trade Centre (Level 8), 8, Panthapath, Karwan Bazar, Dhaka-1215, Bangladesh
Corporate Office : Green Meher Tower, House # -12/A, (Level-4), Gulshan North Avenue
Gulshan-2, Dhaka-1212, Phone : 48116358, 222248778, 58156619 E-mail : btmasg@gmail.com,
info@btmadhaka.com, btma2@yahoo.com, Web: www.btmadhaka.com

বিটিএমএ.বিএস.১৭৬.৯৫৪

নভেম্বর ০১, ২০২৬

সার্কুলার

সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান/প্রোপ্রাইটর
সুতা উৎপাদনকারী সকল সদস্য মিল, বিটিএমএ।

বিষয়: ৩০/১ Ne Cotton Carded Yarn-এর বিক্রয়মূল্য নির্ধারণ এবং অন্যান্য কাউন্টের সুতার বিক্রয়মূল্য নির্ধারনের ভিত্তি অনুরসরন প্রসঙ্গে।

মহোদয়,

বিটিএমএ-এর পরিচালনা পর্ষদের অক্টোবর ২০২৬ মাসের সভায় গৃহীত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে সার্বিক বিবেচনায় ৩০/১ Ne Cotton Carded Yarn-এর বাজারমূল্যের নিম্নোক্ত মূল্যসীমা, বিশেষায়িত ও সার্টিফায়েড সুতা এবং অন্যান্য কাউন্টের সুতার বিক্রয়মূল্য নির্ধারনের ভিত্তি নির্ধারন করা হলো:

১। ৩০/১ Ne Cotton Carded Yarn-এর মূল্যসীমা:

ক) **Sight L/C (At Sight):** প্রতি কেজি USD ৩.২৫ থেকে USD ৩.৪০

খ) **Deferred L/C (90 Days):** প্রতি কেজি USD ৩.৩০ থেকে USD ৩.৪৫

২। কাউন্টভিত্তিক মূল্য নির্ধারণ:

৩০/১ Ne Cotton Carded Yarn-কে মৌলিক কাউন্ট হিসেবে বিবেচনায় রেখে অন্যান্য উচ্চ ও নিম্ন কাউন্টের সুতার মূল্য নির্ধারণের ক্ষেত্রে প্রচলিত বাণিজ্যিক পদ্ধতি অনুযায়ী আনুপাতিক হারে সমন্বয় করা হবে। এ ক্ষেত্রে উৎপাদন ব্যয়, কাঁচামালের ব্যবহার ও সুতার গুণগত মান বিবেচনায় নিতে হবে।

৩। বিশেষায়িত ও সার্টিফায়েড সুতা:

Organic, Physical BCI, Regenerative, GOTS, CMI, GRS, RCS, OCS এবং অন্যান্য সার্টিফায়েড সুতার ক্ষেত্রে সংশ্লিষ্ট সার্টিফিকেশন, কাঁচামালের অতিরিক্ত ব্যয়, উৎপাদন প্রক্রিয়া ও ক্রেতার চাহিদা বিবেচনায় পৃথকভাবে মূল্য নির্ধারণ করা হবে।

সদস্য মিলসমূহকে উপরোক্ত বিষয়াদি যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এই সার্কুলার অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বহাল থাকবে।

ধন্যবাদান্তে,

০১/১১/২০২৬

ব্রিগে. জেনারেল মোঃ জাকির হোসেন, এনডিসি, পিএসসি (অব.)
সেক্রেটারি জেনারেল, বিটিএমএ

অনুলিপি:

১। জনাব মোঃ শামীম ইসলাম, প্রেসিডেন্ট (ইন-চার্জ), বিটিএমএ
২। পরিচালনা পর্ষদের সকল সদস্য, বিটিএমএ
৩। সুতা উৎপাদনকারী সকল সদস্য মিল, বিটিএমএ
৪। অফিস কপি।